২৫। প্রিয় পিতা, আমাদের ট্রান্স ওয়ার্ল্ড রেডিও আঞ্চলিক পরিচর্যার দলগুলিকে এবং আমাদের প্যারাগুয়ের জাতীয় অংশীদার দলগুলিকে তাদের নানান অংশে বিভক্ত রেডিও নেটওয়ার্কগুলিতে অনুষ্ঠানগুলির সম্প্রচার বিস্তার করতে সাহায্য করো। (প্রেরিত ১৩:৪৯)

২৬।হে প্রভু, আমরা ব্রাজিলের স্বল্প-উপার্জনকারী মহিলাদের জন্য প্রার্থনা করি যাতে তারা যেন প্রাথমিক স্বাস্থ্য পরিষেবার অংশ হিসাবে অপরিহায্য স্বাস্থ্যের বিষয়গুলি গ্রহণ করার সুযোগ পায় (গীত ৬৮:১০)

২৭। সর্বশক্তিমান ঈশ্বর, আমরা যাচ্ঞা করি যাতে কতৃপক্ষ লিঙ্গ সাম্যতা বিষয়ক নীতিগুলি প্রয়োগের বিষয় এবং ল্যাটিন আমেরিকা এবং ক্যারাবিয়ান এলাকাগুলিতে যৌন হিংস্রতার বিরুদ্ধে লড়াইয়ে অঙ্গীকারবদ্ধ হয়। (১তীমথিয় ২:১-৪)

২৮। হে প্রভু, স্পেনীয় এবং ল্যাটিন আমেরিকার মহিলারা যেন জানে যে তারা তোমার কাছে এবং তাদের সমাজের কাছে মূল্যবান।তাদের মন, দেহ এবং আবেগগুলিকে শক্তিশালী করো; তারা যেন সম্পূর্ণরূপে তোমার কাছে নিজেদের সমর্পন করতে পারে। (ইফিষীয় ১:৩-৫)

후원안내

국민은행 851-01-0003-724 북방선교방송

## বাংলাদেশের জন্য বিশেষ প্রার্থনা

১। প্রার্থনা করবেন আগামী ২০২২ সাল যেন বাংলাদেশের প্রতি ঈশ্বরের অনুগ্রহ আরো বৃদ্ধি পায়, সর্ব স্তরে যেন নারীদের অধিকার বৃদ্ধি পায় যাতে করে বাংলাদেশের দারিদ্রতা হ্রাস পায়।

২। বিশেষ প্রার্থনা করবেন, বাংলাদেশে অনেক হতদরিদ্র এবং মধ্য বিত্ত মানুষ রয়েছে যাদের এই করোনা ভাইরাসের কারণে সব রকম আয়ের উৎস বন্ধ হয়ে গেছে এবং যার কারণে অনাহারে তাদের দিন কাটাতে হচ্ছে। সমস্থ মানুষ যেন ঈশ্বরের কাছে আসে এবং ঈশ্বর যেন তার পর্বত থেকে তাদের জন্য সাহায্য পাঠান।

৩। বাংলাদেশ এখনো ১০/৪০ উইন্ডো (সমস্থ জায়গায় আজও সুসমাচার প্রচার হয় নাই) সীমারেখায় আছে, প্রার্থনা করবেন ঈশ্বর যেন তার বাংলাদেশে কার্যকারী লোক পাঠান এবং বাংলাদেশে যেন সমস্থ যায়গায় আত্মিক জাগরণ তৈরি হয়।

৪। এখনো বিভিন্ন জায়গায় ঈশ্বরের বিশ্বাসীগণ প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে বিভিন্নভাবে অত্যাচারিত হচ্ছে, বিশেষভাবে যারা সুসমাচার নিয়ে কাজ করে তারা বিভিন্ন বৈষম্যের শিকার হচ্ছে। তাদের জন্য প্রার্থনা করবেন যেন ঈশ্বর তার সন্তানদেরকে তার পক্ষের নিচে করে রক্ষা করেন এবং কার্যকর ভাবে তাদের ব্যবহার করেন।

৫। বাংলাদেশের সরকার এবং যারা বাংলাদেশের সাংগঠনিক দায়িত্বে রয়েছেন, যারা বাংলাদেশের উজ্জ্বল ভবিষ্যতের জন্য প্রাণপণ কাজ করছেন তাদের জন্য প্রার্থনা করবেন, তারা যেন কোন রকম পরীক্ষায় না পরে, কোন রকম অনৈতিক কাজে লিপ্ত না হয়ে দেশ ও দশের জন্য সৎভাবে কাজ করতে পারেন। তাদের মধ্যে যেন ঈশ্বরভয় থাকে, সর্বোপরি তারা যেন ঈশ্বরকে জানতে পারে।

# Women of Hope

Prayer Calendar

২। প্রতি মাসে প্রকাশিত 'প্রত্যাশাময়ী নারী' নামক প্রার্থনা পঞ্জিকাটি ১০০টি ভাসায় অনুবাদিত হচ্ছে, এবং ৬৫০০০ এরও বেশি মানুষ এক সঙ্গে প্রার্থনা করছে।



**2022. 02.**

## আমেরিকার জন্য প্রার্থনার অনুরোধসমূহ 2

উইমেন অফ হোপ অনুষ্ঠান 5টি ভাষায় সম্প্রচারের মাধ্যমে আমেরিকা মহাদেশের 24টি দেশে যীশুর ভালবাসার কথা বলছে । আমরা ইংরেজি, পর্তুগিজ, স্প্যানিশ এবং ফরাসি ভাষায় একটি প্রার্থনা ক্যালেন্ডার তৈরি করে একসাথে প্রার্থনা করছি এবং প্যারাগুয়ের কারাগারের পালক বুয়েন খুব সক্রিয় ভাবে তার সেবাকাজ চালিয়ে যাচ্ছেন। আমেরিকার প্রতিটি দেশে উইমেন অফ হোপ সেবাকাজের মাধ্যমে মহিলাদের কাছে যীশুর ভালবাসা এবং আশার আলো পৌঁছানোর জন্য প্রার্থনা করুন৷

**TWR Korea 북방선교방송**

서울특별시 관악구 양녕로 15, 월드빌딩 6층

전화 (02)886-5671 / 이메일 phkorea@twrk.or.kr

**আন্তরিক ভাবে প্রার্থনা করছি।**

১। হে প্রভু, স্পেনের আশাময়ী নারী ২১তম বর্ষপূর্তি উদযাপন করার এবং রেডিও, ইন্টারনেট এবং সামাজিক প্রচার মাধ্যমগুলির মাধ্যমে তাদের অনুষ্ঠানগুলি প্রচার করছে বলে আমরা তোমার প্রশংসা করি।(যিশাইয় ৫৫:১১)

২। হে প্রভু, হিংসাত্মক কার্যকলাপের কারণে মেক্সিকোর যে সমস্ত মহিলাদের আত্মীয়রা যন্ত্রণা এবং অনিশ্চয়তার মধ্যে আছে তাদের সান্ত্বনা দাও এবং শক্তিশালী করো। (গীত ২৩:৪)

৩।প্রিয় ঈশ্বর,কলম্বিয়ার যুবতী মহিলাদের এবং বালিকাদের জন্য আমরা প্রার্থনা করি যারা তোমাতে তাদের গুরুত্ব এবং পরিচিতি বুঝতে পারে না। তারা যেন এটা শিখতে এবং গ্রহণ করতে পারে, তোমার নিজের হৃদয় এবং পরিকল্পনার মানুষ হতে পারে। (আদি ১:২৭)

৪। হে ঈশ্বর, আমরা যাচ্ঞা করি যে পেরুর মহিলারা যেন শিক্ষিত হয় এবং সুরক্ষাকারী স্বাস্থ্য পরিচর্যার গুরুত্ব বুঝতে পারে। (১ করিন্থীয় ৬:১৯-২০)

৫। হে প্রভু, আমরা ডোমিনিকান রিপাবলিকের দারিদ্র সীমার অনেক নীচে থাকা পুরুষ, মহিলা, শিশু এবং বয়স্ক লোকদের জন্য প্রার্থনা করি যারা তাদের পরিবারগুলির এবং সরকারের কর্মসূচীগুলির তত্ত্বাবধান ছাড়াই হতাশার মধ্যে মারা যাচ্ছে। (২ বিবরণ ১৫:৭-৮)

৬। হে ঈশ্বর, কানাডার পরিচর্যাগুলির জন্য এবং সেখানকার মহিলাদের আত্মিক,শারিরীক এবং আবেগ সংক্রান্ত প্রয়োজনগুলি পুরণ করার জন্য সুযোগগুলির জন্য নতুন অংশীদারত্ব জোগানের বিষয় যাচ্ঞা করছি।(গালাতীয় ৬:৯)

৭। হে ঈশ্বর, তোমাকে ধন্যবাদ দিই যে প্যারাগুয়ের দলটি নতুন ভ।বে পরিচর্যার কার্যকলাপগুলি শুরু করেছে, যেখানকার বাসিন্দারা তাদের পরিবেশের মধ্যে কিছুটা স্বাধীনতা উপভোগ করছে। (যিশাইয় ৬১:১)

৮। হে ঈশ্বর, দেশের মারাত্মক অর্থনৈতিক সংকট এবং ক্লেশের মধ্যে তাদের পরিবারগুলির তত্ত্বাবধান করার জন্য কিউবার একক মায়েদের জ্ঞান এবং উপলব্ধি দাও। (গীত ১১৯:৬৬)

৯। হে সদাপ্রভু ঈশ্বর, বোনেয়ারের জনসংখ্যা যেহেতু বৈচিত্রের মধ্যে বৃদ্ধি পাচ্ছে, সেহেতু তাদেরকে পরস্পরের প্রতি সহিষ্ণু হতে সাহায্য করো, তারা যখন একসঙ্গে কাজ করবে তখন তারা যেন পরস্পরকে সম্মান দেখায়। তারা যেন তাদের আদর্শ হিসাবে তোমার দিকে দৃষ্টিপাত করে। (মথি ৭:১২)

১০।প্রিয় পিতা, বিদেশ থেকে বসবাস করার জন্য আগত বালিকারা যেন একই সময় দুটি সংস্কৃতির মধ্যে বাসকরার সংগ্রামের মধ্যে ভারসাম্য খুঁজে পায়।তারা যেন খ্রীষ্টের মধ্যে শান্তি খুঁজে পায়। (ফিলি ৪:৬-৭)

১১। হে প্রভু, আমরা প্রার্থনা করি যেন ব্রাজিলে আরও বেশী খ্রীষ্টিয় ঘরোয়া হিংস্রাতা এবং অত্যাচারিত মহিলাদের আশ্রয় স্থান প্রতিষ্ঠিত হয়। সেই স্থানগুলি যেন নিরাপদ আশ্রয় হয় যেখানে মহিলারা এবং পরিবারগুলি যীশুকে জানার জন্য আসতে পারে। (গীত ৪৬:১)

১২। হে পিতা, ল্যাটিন আমেরিকায় প্রায় ১৫ লক্ষ ছেলে মেয়েরা স্কুলে যায় না। অনুগ্রহ করে কতৃপক্ষের হৃদয়গুলিকে আন্দোলিত করো যাতে তারা শিক্ষার বিষয়টিকে প্রাধান্য দেয়। (হিতোপদেশ ১৮:১৫)

১৩। হে প্রভু, আমরা তোমার প্রশংসা করি যে প্রতিদিন রেডিয়োতে অথবা ইন্টারনেটে সম্প্রচারিত প্রার্থনার অনুরোধ শুনে উরুগুয়ের অসংখ্য মহিলারা প্রতি রাতে প্রার্থনা করার জন্য একত্রিত হচ্ছে। (যিরমিয় ২৯:১২)

১৪। হে প্রভু, যাদের মায়েদের হত্যা করা হচ্ছে অথবা তাদের বাবা মায়ের আত্মহত্যা করার ফলে অনাথ হয়ে গিয়েছে তাদের প্রয়োজনীয় বিষয়গুলি অনুগ্রহ করে জুগিয়ে দাও। (গীত ১০:১৪)

১৫।হে সর্বশক্তিমান সদাপ্রভু, ডোমিনিকান রিপাবলিকের কারারুদ্ধ মহিলাদের জন্য দ্বার খুলে দাও যেন তারা সুসমাচার শুনতে পায়। শারীরিকভাবে শাস্তিভোগ করলেও তারা যেন তোমাতে স্বাধীনতা এবং পুনরুদ্ধার খুঁজে পায়। (যোহন ৮:৩৬)

১৬।হে পিতা, কলম্বিয়ার মহিলাদের প্রতি করুণা করো যেহেতু সেখানে নারী হত্যার হার অত্যন্ত বেশী এবং কিছু সক্রিয় নিবৃত্তিকরণ এবং জটিল বিচার ব্যবস্থার কারণে দেশের প্রত্যন্ত এলাকাগুলিতে তাদের অবস্থা আরও ভয়ানক হয়ে উঠেছে। (যিশাইয় ৪৯:১৩)

১৭। হে প্রভু, বিশ্বাসীদের হৃদয়ে সংবেদনশীলতা এবং করুণা দাও যাতে তারা ল্যাটিন আমেরিকার কোভিড-১৯ ভাইরাসে আক্রান্ত রোগীদের প্রতি পরিচর্যা কাজে সাহায্য করার জন্য সক্রিয় হয়।

১৮। প্রভু, প্যারাগুয়ের শহরতলীর যুবতীরা যেন প্রচলিত প্রশিক্ষণ এবং শিক্ষা লাভ করতে পারে তার জন্য আমরা প্রার্থনা করি। (হিতোপদেশ ৪:১৩)

১৯। হে পিতা,ডোমিনিকান রিপাবলিকের ট্রান্স ওয়ার্ল্ড রেডিও আশাময়ী নারীর সঙ্গে যুক্ত মহিলাদের শক্তি দাও এবং সৃজনশীলতা দাও যেহেতু তারা এই পরিচর্যা কাজে সেবা করছে, লেখালেখি করছে এবং অংশগ্রহণ করছে। (যিশাইয় ৪০:৩১)

২০। হে প্রভু, ল্যাটিন আমেরিকার দেশগুলিতে পারিবারিক হিংস্রতা এবং বিশেষ করে শিশুদের, মহিলাদের উপরে এবং বয়স্ক লোকদের উপরে যে অত্যাচার হচ্ছে তা তুমি বন্ধ করো। (২ শমূয়েল ২২:৩-৪)

২১। হে পিতা, যেহেতু আমাদের মার্কিন যুক্তরাষ্ট্রের কার্যালয় পরবর্ত্তি প্রজন্মের কাছে যাচ্ছে, সেহেতু আমাদের দলকে প্রজ্ঞা দাও যাতে তারা কারণগুলি সম্পর্কে অত্যন্ত আগ্রহী এই দলটির সদস্যদের সঙ্গে কীভাবে চলতে হবে তা বুঝতে পারে এবং তাদের আশাময়ী নারীর এই পরিচর্যার মধ্যে যুক্ত করতে পারে।(গীত ১৪৫:৪)

২২। হে প্রভু, বোনেয়ারের পরিচর্যার নেতাদের শক্তি এবং অধ্যবসায় দাও কারণ তারা তাদের স্থানীয় পাপিয়ামেণ্টু ভাষায় একটি আরাধনা এবং প্রশংসা সঙ্গীতের সংকলন তৈরী করছে। (ইব্রীয় ১২:১)

২৩। হে পিতা, আর্জেণ্টিনার মহিলারা যেন যীশুর সঙ্গে ঘনিষ্ঠভাবে চলতে পারে এবং সুসমাচার প্রচার করতে পারে তার জন্য আমরা প্রার্থনা করি। (কলসীয় ২:৬)

২৪।উরুগুয়েতে মেয়েদের এবং যুবতীদের উপর প্রচুর পরিমাণে ঘরোয়া হিংস্রতা এবং যৌন অত্যাচার সংঘটিত হচ্ছে। প্রভু, আমরা যাচ্ঞা করি যাতে আশাময়ী নারী অনুষ্ঠানগুলি খ্রীষ্ট যীশুতে মহিলাদের অবিরত শক্তিশালী করতে পারে। (২ বিবরণ ৩১:৬)